তারিখ
পৃষ্ঠা ৭ কলাম ২
NOV. 29 2002

## দীর্ঘ ৬৪ দিন পর

# আজ খুলছে ঢাবির হল, চাপা উত্তেজনা ক্যাম্পাসে

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ॥ আতঙ্ক আর আনন্দের মধ্য দিয়ে দীর্ঘ ৬৪ দিন পর আজ রবিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসমূহ খুলছে। একদিকে

(৭- পৃষ্ঠা ৫-এর কঃ দেখুন)

## আজ খুলছে ঢাবির *(প্রথম পাতার পর)*

ছাত্রলীগের হলে ওঠার প্রস্তুতি আর নির্যাতনবিরোধী ছাত্রছাত্রীদের আন্দোলন, অন্যদিকে আন্দোলন ঠেকাতে ছাত্রদলের নানা কৌশল– এ নিয়ে ক্যাম্পাসে এক চাপা উত্তেজনা বিরাজ করছে। তবে ছাত্রদলের নেতৃবৃন্দ সাংবাদিক সম্মেলন করে বলেছেন, শান্ত ক্যাম্পাস, ক্লাস আর পরীক্ষার উপযোগী সুন্দর পরিবেশই তাঁদের লক্ষ্য। গত ২৮ জুলাই থেকে বন্ধ থাকার পর আজ সকাল ১০টায় আবাসিক হলসমূহ খুলে দেয়া হচ্ছে। ক্লাস শুরু হবে ৩ অক্টোবর থেকে। হল প্রভোস্ট, হাউস টিউটর আর পুলিশী প্রহরায় পরিচয়পত্র দেখে ছাত্রছাত্রীদের হলে ওঠানো হবে। দীর্ঘ ৬৪ দিন পর হল খোলায় ছাত্রছাত্রীদের মধ্যে এক উৎসব আমেজের সৃষ্টি হয়েছে। শনিবার থেকেই দেশের বিভিন্ন অঞ্চলের ছাত্রছাত্রীরা ঢাকায় অবস্থান করছে। অনেককে শনিবার ক্যাম্পাসে ঘোরাফেরা করতে দেখা গেছে। তবে তাদের মধ্যে একটা আতঙ্ক বিরাজ করছে। ছাত্রলীগের হলের উঠার ঘোষণা তাদের মধ্যে আতঙ্ক আরও বাড়িয়ে দিয়েছে। এ ছাড়া ছাত্রদলের বিভিন্ন গ্রুপের হল দখলের আশঙ্কাও করছে অনেকে। এ অবস্থায় ক্যাম্পাসে এক উত্তেজনাকর পরিস্থিতি বিরাজ করছে। ছাত্রলীগ ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার নেতৃবৃন্দ শনিবার উপাচার্য অধ্যাপক এসএমএ ফায়েজের সঙ্গে দেখা করে তাঁদের হলে উঠার দাবি জানিয়েছেন। উপাচার্য এ সময় ছাত্রলীগের নেতৃবৃন্দকে হলে ওঠার জন্য সকল ধরনের সহযোগিতার আশ্বাস দেন। ছাত্রলীগের বৈধ ছাত্ররা আজ হলে ওঠার ঘোষণা দিয়েছে। সকাল ১০টায় তারা হল গেটে উপস্থিত হয়ে হলে উঠবে।

ছাত্রদলও সকাল থেকে হল গেটে অবস্থান করবে। ছাত্রদলের বিভিন্ন হলের যেসব নেতাকর্মী গ্রুপের কারণে বিভিন্ন হলে অবস্থান করতেন তাঁরাও স্ব স্ব হলে উঠবেন। এ অবস্থায় ছাত্রদলের নিজেদের মধ্যে গণ্ডগোলের আশঙ্কা রয়েছে। তবে ছাত্রদলের নেতৃবৃন্দ শনিবার মধুর ক্যান্টিনে এক সাংবাদিক সম্মেলন করে বলেছেন, শিক্ষার সুষ্ঠু পরিবেশের জন্য তাঁরা সহাবস্থানসহ সকল ধরনের ব্যবস্থা নিতে প্রস্তুত। সাংবাদিক সম্মেলনে নেতৃবৃন্দ আরও বলেছেন, ঢাকা বিশ্ববিদ্যালয়কে অশান্ত করার সকল ষড়যন্ত্রের বিরুদ্ধে ছাত্রদল রুখে দাঁড়াবে। সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন, ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার আহ্বায়ক শফিউল বারী বাবু। এ সময় কেন্দ্রীয় ও বিশ্ববিদ্যালয় শাখার নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। এ ছাড়া সন্ধ্যায় ডাকসু ভবনে ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয়ের কবি জসীম উদ্‌দীন হল শাখার এক কর্মিসভায় নেতৃবৃন্দ সকল সহিংস ঘটনা থেকে বিরত থাকার জন্য কর্মীদের নির্দেশ দেন। আতিকুর রহমান আতিকের সভাপতিত্বে কর্মীসভা অনুষ্ঠিত হয়।